



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

সম্মানিত সকল সদস্যের জন্য

Ref:

13 March 2020

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২০/ ১৩৮

তারিখ: ১৩/০৯/২০২০ইং

বিষয়: **Short Shipment** সম্পর্কিত রপ্তানি চালানের তথ্য সরবরাহ প্রসঙ্গে।

সূত্র: (ক) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২০/১৩৫, তারিখ: ১০/০৯/২০।

(খ) চট্টগ্রাম কাস্টম হাউস এর পত্র নং ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১/১৫১১৭(কাস), তারিখ: ১০/০৯/২০।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক ৩১/০৮/২০২০ইং পর্যন্ত সকল Short Shipment সংক্রান্ত তথ্য Asycuda World System-এ হালনাগাদকরনের লক্ষ্যে Short Shipment সংক্রান্ত শিপিং বিলের তথ্য ও দলিলাদি (রপ্তানিকারকের নাম, শিপিং বিল নাম্বার ও তারিখ) সমূহ যে প্রাইভেট আইসিডি'র মাধ্যমে Short Shipment হয়েছে উক্ত আইসিডি'র রাজস্ব কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উক্ত বিষয়ে কোন জটিলতা/সমস্যার সম্মুখীন হলে জনাব মোঃ আল-আমিন, ডেপুটি কমিশনার, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

এ'বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত পত্র'টি এবং বিজিএমইএ হতে প্রেরিত সার্কুলার'টি আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

সংযুক্তি: বর্ণনামতে।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

সম্মানিত সকল সদস্যের জন্য

Ref:

17 March 2020

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২০/১৩৫

তারিখ: ১০/০৯/২০২০ইং

বিষয়: অনিষ্পন্ন রপ্তানি পণ্যচালানের তথ্য সরবরাহ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংক্রান্ত যে সকল পণ্যচালান সমূহ ৩১/০৮/২০২০ পর্যন্ত অনিষ্পন্ন/পেন্ডিং রয়েছে সে সকল পণ্যচালানের তথ্য আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম এর দপ্তরে প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত পত্রটি আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

সংযুক্তি: বর্ণনামতে।

নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১/১৫২২৭ (কোম)

তারিখ: /০৯/২০২০ খ্রিঃ


10 SEP 2020

বিষয়: অনিম্পন্ন রপ্তানি পণ্যচালানের তথ্য সরবরাহ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/২৭১, তারিখ: ১৭.০৮.২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি তার দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের ক্ষেত্রে শর্ট/ এক্সেস শিপমেন্টের বিষয়টি অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে যথাযথভাবে ব্যবস্থিত নয়। শর্ট/এক্সেস শিপমেন্টের ক্ষেত্রে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধন না করে সার্টিফিকেট ইস্যু করার বর্তমান প্রচলিত পদ্ধতির কারণে বিভিন্ন ধরনের জটিলতার সৃষ্টি হয়। এ কারণে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) বা কাস্টমস কর্তৃপক্ষের সাথে বাংলাদেশ ব্যাংকের রপ্তানি সংক্রান্ত পরিসংখ্যানের উল্লেখযোগ্য তারতম্য পরিলক্ষিত হয়। পরিসংখ্যানের সঠিকতা নির্ধারণ ও মানিলাভারিং রোধের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এর রপ্তানি পরিসংখ্যানের গরমিলের যথাযথ সমাধান গুরুত্বপূর্ণ। উক্ত তথ্যের সমন্বয়/ সংশোধন ব্যতীত রপ্তানিকারকের পক্ষে উক্ত শিপমেন্টের অবশিষ্ট পণ্য পরবর্তীতে রপ্তানি করা সম্ভব হয় না। ফলে রপ্তানি মূল্য আংশিক অপ্রত্যাশিত হিসেবে প্রদর্শিত হয় এবং রপ্তানিকারকের নগদ সহায়তা ও ইউএফ লোন থেকে বঞ্চিত হন মর্মে দাবী করা হচ্ছে।
- ৩। জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত পত্রে রপ্তানি পণ্যচালান সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট শুদ্ধায়ন সম্পর্কিত প্রমিত কর্মপদ্ধতি (Standard Operating Procedure-SOP) এর বিষয়ে শুদ্ধায়ন পদ্ধতিসহ অনিম্পন্ন পণ্যচালান সমূহের নিষ্পত্তি প্রদানের বিষয়ে কতিপয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। রপ্তানি পণ্য চালানের শুদ্ধায়নের ক্ষেত্রে ইতোপূর্বে পণ্যচালান শুদ্ধায়ন পরবর্তী কায়িক পরীক্ষা সম্পন্ন হতো। জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক বর্তমানে রপ্তানি পণ্যচালান কায়িক পরীক্ষা সম্পন্ন করে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে শুদ্ধায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দীর্ঘদিন যাবত রপ্তানি পণ্যচালান শর্ট শিপমেন্টের ফলে বিভিন্ন ধরনের জটিলতা ও সমস্যার সৃষ্টি হয়েছে। উক্ত সমস্যাসমূহের সমাধানকল্পে সংশ্লিষ্ট রপ্তানিকারকগণের নিকট হতে শর্ট শিপমেন্ট সংক্রান্ত শিপিং বিল (রপ্তানিকারকের নাম, শিপিং বিল নম্বর ও তারিখ, ইত্যাদি) এর তথ্যের প্রয়োজন।
- ৪। এমতাবস্থায়, শর্ট শিপমেন্ট সংক্রান্ত যে সকল পণ্যচালান সমূহ ৩১/০৮/২০২০ খ্রিঃ পর্যন্ত অনিম্পন্ন/পেন্ডিং রয়েছে সে সকল পণ্যচালান সংশ্লিষ্ট রপ্তানিকারকগণ যেহেতু আপনাদের সংগঠনের আওতাভুক্ত সদস্য প্রতিষ্ঠান সেহেতু তাদের নিকট হতে শিপিং বিলের তথ্য সংগ্রহপূর্বক এ দপ্তরে প্রেরণ অথবা সংশ্লিষ্ট রপ্তানিকারকগণকে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে শিপিং বিলের তথ্য এ দপ্তরে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আল-আমিন)

ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে

প্রাপক:

- ১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ, ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলা মোটর, ঢাকা।
- ৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার (লেবেল-৮), পাছপথ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
- ৪। সভাপতি, এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৪০৬-বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা-১২১৭

নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১

তারিখ: /০৯/২০২০ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য:

- ১। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০, মতিবিল বা/এ, ঢাকা।
- ২। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা, মতিবিল, ঢাকা।
- ৩। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিবিল বা/এ, ঢাকা।
- ৪। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিবিল বা/এ, ঢাকা।
- ৫। সভাপতি, চিটাগাং চেম্বার অব অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আছাবাদ, চট্টগ্রাম।
- ৬। সভাপতি, ফরেন ইনভেস্টমেন্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, শামা হোমস, এপার্টমেন্ট-সি-৩, হাউস-৫৯, রোড-১, ব্লক-আই, বনানী, ঢাকা।
- ৭। সভাপতি, চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৩ তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ, চট্টগ্রাম।
- ৮। অফিস কপি।

(মোঃ আল-আমিন)

ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।